অতি জরুরী
বিশেষ বাহক মারফত

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

নং-৪২.০০.০০০০.০৪১.০১৪.০২.১৫ (অংশ-১)-২৭২

তারিখ : ২১ আশ্বিন, ১৪২৩ / ০৬ অক্টোবর, ২০১৬

বিষয় : গত ২৫-০৯-২০১৬ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৫-০৯-২০১৬ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ-এর সভাপতিত্বে ২০১৬-২০১৭ অর্থ-বছরের ২০ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত উন্নয়ন প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

Rasel ৬/১০/১৬
(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)
সহকারী প্রধান
ফোন ৯৫৭৭২৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন,পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ-যুগ্ম-প্রধান, সেচ উইং)।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা। (দৃঃ আঃ মহাপরিচালক, কৃষি)।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন-১/উন্নয়ন-২/বাজেট ও অডিট), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। মহাপরিচালক, ওয়ারপো, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
১১। প্রধান মনিটরিং, পাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। পরিচালক-৫, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১৫। উপ-প্রধান-১/২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, পাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১৮। সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
১৯। সংশ্লিষ্ট নথি/মাস্টার নথি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পানিসম্পদ মন্ত্রণালয়**
**পরিকল্পনা শাখা-৩**

**বিষয় :** ***২০১৬-২০১৭ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহের ২০ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।***

গত ২৫-০৯-২০১৬ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ এম.পি-র সভাপতিত্বে মন্ত্রণালয়ের আওতাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভা পানি উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় চলতি অর্থবছরের ২০ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সিনিয়র সচিব এবং মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২। *উপস্থাপনা:*

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি-তে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ৬৬টি (১টি কারিগরী সহায়তা প্রকল্পসহ) প্রকল্পের অনুকূলে মোট ৩৭৫৯.১৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে, তন্মধ্যে জিওবি ২৬০০.৯১ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১১৫৮.২৬ কোটি টাকা। ১ জুলাই, ২০১৬ হতে ২০ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত অবমুক্তকৃত অর্থের পরিমাণ মোট ৩৭৬.১৪ কোটি (জিওবি ৩১৩.৯৩ কোটি ও প্রকল্প সাহায্য ৬২.২১ কোটি) টাকা যা মোট বরাদ্দের ১০.২৯%। একই সময় পর্যন্ত অর্থ ব্যয়ের পরিমাণ মোট ৮১.৯৭ কোটি (জিওবি ৫৩.৪৮ কোটি ও প্রকল্প সাহায্য ২৮.২৯ কোটি) টাকা যা মোট বরাদ্দের ২.২৪%। সভাকে আরো জানানো হয় যে, বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের চলতি অর্থবছরে এ পর্যন্ত বাস্তব অগ্রগতি হয়েছে ৫.০০%।

৩। *আলোচনা ও সিদ্ধান্ত :*

সভায় গত ৩০/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি, এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের দরপত্র সংক্রান্ত তথ্যাদি, ভূমি অধিগ্রহণের অগ্রগতি, প্রকল্পভিত্তিক বাৎসরিক কর্মপরিকল্পনা ইত্যাদির উপর আলোচনা করা হয়। উক্ত আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলো:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা<br>সময়সীমা |
|---|---|---|---|
| ১. | পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন কিছু কিছু প্রকল্পে টেন্ডার আহবানের সময় হালনাগাদ রেট শিডিউল ব্যবহারের পরিবর্তে পুরাতন রেট শিডিউল ব্যবহার করা হয়। এক্ষেত্রে বিভিন্ন প্যাকেজে প্রাক্কলিত মূল্যের চেয়ে ঠিকাদার কর্তৃক প্রদত্ত মূল্যের অনেক পার্থক্য দেখা যায়। সভাপতি এ ধরনের পরিস্থিতি এড়ানোর লক্ষ্যে টেন্ডার আহবানের সময় পিপিআর এর বিধান মোতাবেক হালনাগাদ রেট শিডিউল ব্যবহারের নির্দেশ প্রদান করেন। | পিপিআর এর বিধান মোতাবেক টেন্ডার আহবানের সময় হালনাগাদ রেট শিডিউল ব্যবহার করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো এবং প্রধান প্রকৌশলী, ডিজাইন<br>(সকল ক্ষেত্রে) |
| ২. | পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন সার্কেলের রেট শিডিউল হালনাগাদ না হওয়ার কারণে উক্ত রেট শিডিউল এর আলোকে অনুমোদিত ডিপিপি অনুমোদনের পর পরই প্রাক্কলিত মূল্য অপেক্ষা টেন্ডার মূল্য বেশি হয়। ফলে কার্যাদেশ দেওয়া সম্ভব হয় না এবং প্রকল্প বাস্তবায়ন করা যায় না। সভাপতি প্রতি বছর সার্কেলওয়াইজ রেট শিডিউল দুর্গম এলাকা বিবেচনায় রেখে হালনাগাদ করার জন্য পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশ প্রদান করেন। | প্রতি বছর সার্কেলওয়াইজ রেট শিডিউল দুর্গম এলাকা বিবেচনায় রেখে হালনাগাদ করতে হবে। | মহাপরিচালক, বাপাউবো এবং প্রধান প্রকৌশলী, ডিজাইন<br>(প্রতি বছর) |
| ৩. | 'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-বংশী-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ইত:পূর্বে বেশ কিছু নির্দেশনা দেওয়া হয়েছিল। তারই ধারাবাহিকতায় সভাপতি এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য silt basin এলাকার জন্য ভূমি অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশ প্রদান করেন। | 'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-বংশী-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের জমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-বংশী-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) |

| | | | |
|---|---|---|---|
| | | | (১ম সংশোধিত) প্রকল্প |
| ৪. | 'গড়াই নদী পুনরুদ্ধার প্রকল্প, ফেজ-২ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি জুন, ২০১৭ তে সমাপ্ত হওয়ার কথা। প্রকল্প সমাপ্তির পরেও যাতে গড়াই নদীতে পানির প্রবাহ অব্যাহত থাকে সেই লক্ষ্যে আর একটি নতুন ডিপিপি প্রস্তুত করতে হবে। সভাপতি আগামী দুই মাসের মধ্যে উক্ত ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশ প্রদান করেন। | 'গড়াই নদী পুনরুদ্ধার প্রকল্প, ফেজ-২ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প সমাপ্তির পূর্বে আর একটি ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, গড়াই নদী পুনরুদ্ধার প্রকল্প ফেজ-২ (১ম সংশোধিত) প্রকল্প (৩১ ডিসেম্বর, ২০১৬) |
| ৫. | 'তিস্তা ব্যারেজ, ফেজ-২ (ইউনিট-১) (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ৭৬টি প্যাকেজের কার্যাদেশ প্রদানের কর্মপরিকল্পনা রয়েছে। সভাপতি এই সকল প্যাকেজের কার্যাদেশ প্রদানের অগ্রগতি মন্ত্রণালয়কে প্রত্যেক ১৫ দিন অন্তর অবহিত করার নির্দেশ প্রদান করেন। | 'তিস্তা ব্যারেজ, ফেজ-২ (ইউনিট-১) (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় যে ৭৬টি প্যাকেজের কার্যাদেশ প্রদানের কর্মপরিকল্পনা রয়েছে তার অগ্রগতি মন্ত্রণালয়কে প্রত্যেক ১৫ দিন অন্তর অবহিত করতে হবে। | প্রকল্প পরিচালক, তিস্তা ব্যারেজ, ফেজ-২ (ইউনিট-১) (৩য় সংশোধিত) প্রকল্প (প্রতি ১৫ দিন অন্তর) |
| ৬. | 'কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলাধীন বৈরাগীর হাট ও চিলমারী বন্দর ব্রহ্মপুত্র নদের ডান তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প, ফেজ-২ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের ডিপিপিতে ড্রেজিং কাজের সংস্থান রয়েছে। কিন্তু যে স্থানে ড্রেজিং করার কথা উক্ত স্থান হতে নদীতীর প্রায় দুই কিলোমিটার সরে যাওয়ায় উক্ত ড্রেজিং এর প্রয়োজনীয়তা আছে কিনা তা যাচাই করা প্রয়োজন। সভাপতি এই প্রকল্পের ড্রেজিং এর বিষয়ে মতামত প্রদানের জন্য একটি কমিটি গঠনের নির্দেশ প্রদান করেন এবং কমিটিকে ৩০ নভেম্বর, ২০১৬ এর মধ্যে এই সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশ প্রদান করেন। | 'কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলাধীন বৈরাগীর হাট ও চিলমারী বন্দর ব্রহ্মপুত্র নদের ডান তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প, ফেজ-২ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের জন্য আগামী ১৫ দিনের মধ্যে একটি কমিটি গঠন করতে হবে এবং কমিটি কর্তৃক ৩০ নভেম্বর, ২০১৬ এর মধ্যে এই সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলাধীন বৈরাগীর হাট ও চিলমারী বন্দর ব্রহ্মপুত্র নদের ডান তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প। (৩০ নভেম্বর, ২০১৬) |
| ৭. | 'ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট)' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ১৫টি প্যাকেজের দরপত্র আহ্বান করার জন্য নির্ধারিত থাকলেও এখনও এদের মধ্যে ১০টি প্যাকেজের দরপত্র আহ্বান করা হয়নি। এ বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, ৩০ নভেম্বরের মধ্যে সকল প্যাকেজের কার্যাদেশ প্রদান সম্পন্ন হবে। মাননীয় প্রতিমন্ত্রী আগামী ৩০ নভেম্বর/২০১৬ এর মধ্যে সকল প্যাকেজের কার্যাদেশ প্রদান সম্পন্ন করার নির্দেশ প্রদান করেন। | ৩০ নভেম্বর,২০১৬ এর মধ্যে 'ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট)' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে প্রস্তাবিত ১৫টি প্যাকেজের কার্যাদেশ প্রদান সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, ব্লু-গোল্ড প্রোগ্রাম প্রকল্প (বাপাউবো কম্পোনেন্ট)। (৩০ নভেম্বর, ২০১৬) |
| ৮. | 'বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলাধীন কুর্ণিবাড়ি হতে চন্দনবাইশা পর্যন্ত যমুনা নদীর ডানতীর সংরক্ষণ কাজসহ বিকল্প বাঁধ নির্মাণ' শীর্ষক প্রকল্পের ডিপিপিতে ৫০০ মিটার ড্রেজিং এর সংস্থান রয়েছে। সভাপতি ডিপিপিতে যে ড্রেজিং এর সংস্থান রয়েছে তা নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার নির্দেশ প্রদান করেন। | 'বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলাধীন কুর্ণিবাড়ি হতে চন্দনবাইশা পর্যন্ত যমুনা নদীর ডানতীর সংরক্ষণ কাজসহ বিকল্প বাঁধ নির্মাণ' শীর্ষক প্রকল্পের | প্রকল্প পরিচালক, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলাধীন |

| | | | |
|---|---|---|---|
| | | আওতায় যে ড্রেজিং এর সংস্থান রয়েছে তা নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। | কুর্ণিবাড়ি হতে চন্দনবাইশা পর্যন্ত যমুনা নদীর ডানতীর সংরক্ষণ কাজ সহ বিকল্প বাঁধ নির্মাণ প্রকল্প (যথাসময়ে) |
| ৯. | 'বাংলাদেশের নদী ড্রেজিং-এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি ডিসেম্বর, ২০১৬ মাসে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পটি যথাসময়ে শেষ হবে কি-না জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান প্রকল্পের আরডিপিপি প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি আগামী ২৮/০৯/২০১৬ তারিখের মধ্যে প্রকল্পের আরডিপিপি মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশ প্রদান করেন। | 'বাংলাদেশের নদী ড্রেজিং-এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আরডিপিপি ২৮/০৯/২০১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী ড্রেজিং-এর জন্য ড্রেজার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয় (১ম সংশোধিত) প্রকল্প (২৮/০৯/১৬ তারিখের মধ্যে)। |
| ১০. | স্টিয়িরিং কমিটির সুপারিশক্রমে 'Flood & River Bank Erosion Management Investment Program' শীর্ষক প্রকল্পের মূল ডিপিপির বাইরে কিছু কাজ করা হয়েছে। উক্ত কাজ অন্তর্ভুক্ত করে সংশ্লিষ্ট ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করা প্রয়োজন। সভাপতি আগামী অক্টোবর মাসের মধ্যে ডিপিপি মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশ প্রদান করেন। | 'Flood & River Bank Erosion Management Investment Program' শীর্ষক প্রকল্পের আরডিপিপি অক্টোবর মাসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, Flood & River Bank Erosion Management Investment Program প্রকল্প (৩১ অক্টোবর, ২০১৬) |
| ১১. | 'বাগেরহাট জেলার পোল্ডার ৩৪/২ এর সমন্বিত পানি ব্যবস্থাপনা' শীর্ষক প্রকল্পের সংশোধিত ডিপিপির উপর গত ১৪-০৭-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্টিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে এখনো পুনর্গঠিত ডিপিপি পাওয়া যায়নি। সভাপতি আগামী এক সপ্তাহের মধ্যে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশ প্রদান করেন। | আগামী এক সপ্তাহের মধ্যে 'বাগেরহাট জেলার পোল্ডার ৩৪/২ এর সমন্বিত পানি ব্যবস্থাপনা' শীর্ষক প্রকল্পের আরডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | প্রকল্প পরিচালক, বাগেরহাট জেলার পোল্ডার ৩৪/২ এর সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রকল্প। (০৩ অক্টোবর, ২০১৬) |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৪/১০/২০১৬
আনিসুল ইসলাম মাহমুদ এম.পি
মন্ত্রী।

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | মাসিক এডিপি পর্যালোচনা সভা। |
| তারিখ | ঃ | ২৫/০৯/২০১৬, রবিবার। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | পানি উন্নয়ন বোর্ডের সভা কক্ষ। |

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ**

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দের নাম, পদবী ও দপ্তর | ফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. মোহাম্মদ আলী খান, অতিরিক্ত সচিব, পা.স.ম. | 01743-841483 | [illegible] ২৫/৯/১৬ |
| ২. | [illegible] প্রধান, পাসম | 01772143441 | [illegible] |
| ৩. | আবদুল আজিজ চৌধুরী, যুগ্ম প্রধান, পরিকল্পনা কমিশন | 01714299937 | [illegible] ২৫/৯/১৬ |
| ৪. | কাজী ওবায়দুর রহমান, যুগ্ম সচিব / পা.স.ম | 01714-022178 | [illegible] ২৫/৯/২০১৬ |
| ৫. | [illegible] আল মামুন, যুগ্ম-সচিব, পাসম | 01552314642 | [illegible] ২৫-৯-২০১৬ |
| ৬. | হামিদা চৌধুরী, উপ-সচিব, পাসম | 01552416304 | [illegible] ২৫.৯.২০১৬ |
| ৭. | [illegible], উপ-সচিব, পা.স.ম. | 01715094001 | [illegible] |
| ৮. | [illegible], উপ প্রধান, পাসম | 01552468284 | [illegible] ২৫/০৯/১৬ |
| ৯. | মোঃ [illegible] আলম, উপ প্রধান, পানি সম্পদ মন্ত্র. | 01726955522 | [illegible] 25.9.16 |
| ১০. | মোঃ মিজানুর রহমান, [illegible] সচিব | 01711-281313 | [illegible] ২৫.৯.16 |
| ১১. | মোঃ [illegible] রহমান, সহকারী প্রধান | 01718148009 | [illegible] ২৫/০৯/১৬ |
| ১২. | আবু [illegible] মোঃ রাসেল, সহ. প্রধান | 01914892738 | Rasel ২৫/৯/১৬ |
| ১৩. | [illegible] নাহার, সহকারী প্রধান, পাসম | ০১৭৩৩৮৮৮৩৩৬ | Nahar ২৫/৯/১৬ |
| ১৪ | মোঃ রেজাউল করিম, [illegible], উন্নয়ন বোর্ড | ০১৭৩৩-৩০৭৭১৬ | [illegible] ২৫/৯/১৬ |
| ১৫ | মোঃ [illegible] ডিজাইন [illegible] ও পাসম | ০১৮২৬৬৫৮৯৮৪৪ | [illegible] ২৫/৯/১৬ |

<u>উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ</u>

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দের নাম, পদবী ও দপ্তর | ফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬. | মো: নজরুল ইসলাম<br>সহকারী সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | 01817569123 | [signature] ২৫-৯-২০২৩ |
| ১৭. | কিসমত জাহান ফেরদৌসি<br>সিনিয়র সহকারী প্রধান | ৯৫৭৭২৩৬/<br>০১৫৫৬৩৪৩০০৬ | [signature] ২৫.৯.২০২৩ |
| ১৮. | মোহাম্মদ শাহাবুদ্দিন<br>অতি: প্রধান প্রকৌশলী / প্রকল্প পরিচালক [illegible] | ০১৭১৫১৪১১৭১ | [signature] ২৫.৯.২০২৩ |
| ১৯. | মো: দেলোয়ার হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রকল্প পরিচালক/CEIP-1 | 01745650854 | [signature] 25/9/23 |
| ২০. | এ, এম, আমিনুল হক<br>প্রকল্প পরিচালক [illegible] | 01552396776 | [signature] |
| ২১ | মো: হাবিবুর রহমান<br>প্রকল্প পরিচালক, ECRRP | 01712008322 | [signature] ২৫/৯/২৩ |
| ২২ | এ. এইচ. এম. কামরুল ইসলাম<br>অতি: প্রধান প্রকৌ: ও প্রকল্প পরি: | 01670-757384<br>[illegible] | [signature] |
| ২৩. | মো: জয়নাল আবেদীন<br>অতি: প্রধান প্রকৌ: / প্রকল্প পরিচালক<br>HFMLIP, BWDB, Dhaka | 01711330641 | [signature] |
| ২৪. | অধ্যাপক মো: মনিরুল ইসলাম<br>প্রকল্প পরিচালক, [illegible] | 01711371183 | [signature] ২৫.৯.২৩ |
| ২৫. | মো: রুহুল আমিন, [illegible]<br>আইডব্লিউএম | ০১৮৪১৯৩৩০৩৬ | [signature] ২৫.৯.২০২৩ |
| ২৬. | ড. মো: নুরুল আলম<br>উপ পরিচালক, [illegible] | [illegible] | [signature] ২৫.৯.২৩ |
| ২৭. | ড. মো: [illegible]<br>[illegible] | [illegible] | [signature] |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | মাসিক এডিপি পর্যালোচনা সভা। |
| তারিখ | ঃ | ২৫/০৯/২০১৬, রবিবার। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | পানি উন্নয়ন বোর্ডের সভা কক্ষ। |

## উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দের নাম, পদবী ও দপ্তর | ফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মো: জাহাঙ্গীর কবীর | ০১৭১১৩৫০৯৫৭ | [signature] |
| ২। | মো: আবিদ হোসেন ভাবনাথ<br>সদস্য, যৌথ নদী কমিশন | 01715045941 | [signature] ২৫/০৯/২০১৬ |
| ৩। | ড. প্রকৌ. মো. লুৎফর রহমান<br>অতি. মহাপরিচালক | 01715-039646 | [signature] ২৫/০৯/১৬ |
| ৪। | মো. আবদুস সাই কাজী<br>অতি: মহাপরিচালক (পশ্চিমাঞ্চল) | 01720 245 777 | [signature] 25/9/16 |
| ৫. | প্রকৌ. এম. এম. মিজানুর রহমান<br>অতি: মহাপরিচালক (পূর্ব) | 01711-026230 | [signature] 25/09/16 |
| ৬. | সৈয়দ মো. জহুরুল ইসলাম<br>অতি: মহাপরিচালক (প্রকল্প) | 01730105257 | [signature] 25.09.2016 |
| ৭. | Md. Tofazzel Hossain<br>Deputy Secretary, MOWR | 01556597861 | [signature] 25.09.16 |
| ৮. | কাজী ... হোসেন<br>চীফ ..., পরিকল্পনা | 01712132144 | [signature] 25/09/16 |
| ৯. | আবুল কালাম আজাদ<br>প্রধান প্রকৌশলী<br>কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা | 01717-227838 | [signature] ২৫/০৯/১৬ |
| ১০ | মো: মোজাম্মেল হোসেন<br>প্রধান প্রকৌ: দক্ষিণাঞ্চল, ...<br>... | 01557566522 | [signature] ২৫/০৯/১৬ |
| ১১ | আহমদ নাজমুল<br>প্রধান প্রকৌশলী, ...<br>বাপাউবো, ঢাকা | 01715103435 | [signature] ২৫/০৯/১৬ |
| ১২ | কে. এম. আনোয়ার হোসেন<br>প্রধান প্রকৌশলী, ...<br>... | 01777248469 | [signature] ২৫/৯ |
| ১৩ | এ. কে. এম. সামছুল করিম<br>প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো<br>চট্টগ্রাম | 01711856549 | [signature] ২৫/০৯/২০১৬ |
| ১৪ | প্রকৌ: আবদুল হাই<br>অতি: প্রধান প্রকৌশলী<br>উত্তর-পূর্বাঞ্চল, ..., ... | 01716034036 | [signature] ২৫/৯/১৬ |
| ১৫ | মোহাম্মদ আলী, অতি: প্রধান প্রকৌ:<br>দক্ষিণ-পশ্চিমাঞ্চল, ..., ... | 01711320432 | [signature] ২৫/৯/১৬ |

† 

## উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দের নাম, পদবী ও দপ্তর | ফোন/মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | মহম্মদ আলী<br>অতি: প্রধান প্রকৌ:/উত্তর-পুনর্বাসন [illegible], রাজশাহী | 01711221159 | 24/09/2016 |
| ১৭ | মো: আবদুল মান্নান খান<br>অতি: প্রধান প্রকৌশলী<br>উত্তরাঞ্চল, পাউবো, রংপুর. | 01711-394552 | 25/9/2016 |
| ১৮. | মো: সাজ্জাদুর রহমান মন্ডল<br>অতি: প্রধান প্রকৌশলী,<br>[illegible], পাউবো, ঢাকা। | 01750704283 | 25/9/16. |
| ১৯. | এ, কে, এম, সফিকুল হক<br>পরিচালক, প্রসেসিং সেকশন, পাউবো | 01732566990 | 25/9/16 |
| 20. | মো: আব্দুল মতিন সরকার-<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাউবো ঢাকা | 01710251869 | 25/9/16 |
| 21. | মো: মাহবুব রহমান<br>পরিচালক, কার্যক্রম | 01711-022841 | 25/9/16 |
| ২২ | মো: আবদুস সালাম<br>পরিচালক, পা ও র পরিদপ্তর। | 01711-019570 | 25/9/16 |
| ২৩ | মো: আমিনুল হোসেন<br>পরিচালক - নক্সা | 01552360340 | 25/9/16 |
| ২৪ | মো: মনিরুজ্জামান<br>প্রকল্প পরিচালক<br>গড়াই নদী পুনরুদ্ধার প্রকল্প | 01720228360 | 25/9/16 |
| ২৫ | কে, এম, নুরুল ইসলাম<br>অতি: প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, পাউবো। | 01737082365 | 25/9/16 |
| ২৬ | [illegible] খাতুন<br>যুগ্ম-প্রধান, পরিকল্পনা, ঢাকা | 01742124694 | 25/9/16 |
| ২৭ | মো: শামসুদ্দোহা<br>PCD, CDSP-IV | 01714-028297 | 25/9/2016 |
| ২৮ | মো: আমিনুল ইসলাম<br>প্র: পরিচালক / Southwest Project | 01732999717 | 25/09/16 |
| ২৯ | মো: নূরে আলম, পরিচালক<br>প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, পাউবো | 01715413817 | 25/9/16 |
| ৩০ | ফজলুর রশিদ<br>পরিচালক/পরিকল্পনা-১, বাপাউবো | 01711151652 | 25/9/16 |
| ৩১ | কে এম হুমায়ুন কবির, প্রকল্প পরি, ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং প্রকল্প, বাপাউবো. | 01711-457906 | 25/9/16 |
| ৩২ | মোঃ [illegible] হোসেন<br>অতি: প্রধান প্রকৌশলী, [illegible] | 01712134177 | 25.09.16 |
| ৩৩ | মো: মাহমুদ হাসান<br>সহকারী প্রকৌশলী: প্রসেসিং সেকশন<br>বাপাউবো, ঢাকা | 01717058471 | 25/09/2016 |